দামুড়হুদায় ক্লিনিক ও ডায়াগনস্টিক সেন্টারে অভিযান জরিমানা ও বন্ধ ঘোষণা

দামুড়হুদা উপজেলায় লাইসেন্স ও প্রয়োজনীয় যন্ত্রপাতি না থাকা, নোংরা পরিবেশসহ ভুয়া ডাক্তার দিয়ে চিকিৎসা দেওয়ায় দামুড়হুদার কার্পাসডাঙ্গা বাজারে বিভিন্ন ডায়াগনস্টিক সেন্টার, ক্লিনিকসহ সিলগালা করা হয়। পাশাপাশি বন্ধ করে দেয়া হয় ডায়াগনস্টিক সেন্টারের স্বাস্থ্য সংক্রান্ত সকল কার্যক্রম বন্ধ করে দিয়েছে ভ্রাম্যমাণ আদালত।

আজ মঙ্গলবার বেলা সাড়ে ১২ টার সময় দামুড়হুদা উপজেলা কার্পাসডাঙ্গা বাজারের বিভিন্ন ক্লিনিক, ডায়াগনস্টিক সেন্টার ও হাসপাতালে অভিযান চালান দামুড়হুদা উপজেলা সহকারী কমিশনার ভূমি সজল কুমার দাস, এসময় দামুড়হুদা উপজেলা পরিবার-পরিকল্পনা কর্মকর্তা ডা. হেলেনা আক্তার নিপা উপস্থিত ছিলেন।

ভ্রাম্যামাণ আদালত সূত্রে জানা গেছে, স্বাস্থ্য অধিদপ্তর ও স্থানীয় প্রশাসনের যৌথ অভিযানে দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গা বাজারের কার্পাসডাঙ্গা ডায়াগনস্টিক সেন্টারের মালিক মি. প্রসাদকে ৩০ হাজার টাকা, মা মেডিকেল ল্যাবের মালিক লুইসকে ১৫ হাজার টাকা, জহির ডায়াগনস্টিক সেন্টার মালিক জহির মেম্বারকে ১০ হাজার টাকা, এ্যাপোলো ক্লিনিকের মালিক শাওনকে ১৫ হাজার টাকা জরিমানা করেন ভ্রাম্যমান আদালত। এসময় বাজারের বিভিন্ন প্রতিষ্ঠানে মোট ৮০ হাজার টাকা জরিমানা করেন। এছাড়াও মা মেডিকেল সেন্টার, সততা ক্লিনিকে সিলগালা করা হয়।

এ বিষয়ে উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. হেলেনা আক্তার নিপা জানান, ক্লিনিক ও ডায়াগনস্টিক সেন্টারে নিয়মিত কোন ডাক্তার নেই, নেই কোন এন্যাথেসিয়া, নোংরা পরিবেশ ও পরিবেশ অধিদপ্তরের কোন ছাড়পত্র না থাকায় এবং পরিবেশ ভালো না থাকায় সিলগালা করে তা বন্ধ করে দেওয়া হয়েছে।

ভ্রাম্যমাণ আদালতে সহযোগিতা করেন দামুড়হুদা মডেল থানার পুলিশের একটি চৌকস টিম।